দৈনিক বাংলা

তারিখ ১৬/১/৮২
পৃষ্ঠা ... কলাম ...

374

# ১৩ বছর কলেজ ভবনটি পড়ে আছে

॥ নিজস্ব সংবাদদাতা ॥

ফরিদপুর, ১৪ই জানুয়ারী।—১৩ বছর আগে নির্মিত ডিগ্রি কলেজ ভবন আজও অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে। অথচ ছাত্র-ছাত্রীদের স্থান সংকুলান না হওয়ার কারণে এই ভবন নির্মিত হয়। এ অবস্থা ফরিদপুর সরকারী রাজেন্দ্র কলেজের।

এই ডিগ্রি ভবনের অবস্থান শহর থেকে তিন মাইল দূরে বায়তুল আমানে। দূরত্বের কারণেই ছাত্র-ছাত্রী ও শিক্ষকগণ সেখানে যেতে সম্মত হননি, ফলে ডিগ্রি ক্লাস স্থানান্তরের বিষয়টি অমিমাংসিত রয়ে গেছে।

এর আগে কলেজ কর্তৃপক্ষ কয়েক বার ডিগ্রি ক্লাস স্থানান্তরের আদেশ দেন। কিন্তু তা কার্যকরী হয়নি। জানা গেছে, বর্তমানে ছাত্র-ছাত্রীরা নতুন ভবনে ক্লাস করতে রাজী হয়েছেন। তবে সাড়া মেলেনি শিক্ষকমণ্ডলীর পক্ষ থেকে।

073